



## রাজশাহী কৃষি উন্নয়ন মন্ত্রণা

প্রধান কার্যালয়, রাজশাহী

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

সার্কুলার নং-প্রকা/মাসউবি-১/২০১৯

ফোনঃ ০২৪৭-৮৬০৫০১

ওয়েবঃ [www.rakub.org.bd](http://www.rakub.org.bd)

ইমেইলঃ [dgmhrd@rakub.org.bd](mailto:dgmhrd@rakub.org.bd)

তারিখ : ২৬ জুন ২০১৮

বিষয়ঃ শৃঙ্খলা মোকদ্দমার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রাপ্য আনুভোবিক অপেক্ষা দায়দেনা বেশি হওয়ার ক্ষেত্রে অবসর ভাতা প্রদান প্রসঙ্গে।

এ ব্যাংকের চাকরিকালীন সময়ে খণ্ড বিতরণে অনিয়ম, ভুয়া খণ্ড বিতরণের সুপারিশ ও বিতরণ বা অন্য কোন কারণে ব্যাংকের আর্থিক ক্ষতি সাধনের পরিপ্রেক্ষিতে চাকরিকালীন সময়ে উত্তৃত বিভাগীয় শৃঙ্খলা মোকদ্দমায় আরোপিত দণ্ড অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্য আনুভোবিক অপেক্ষা দায়দেনা বেশি হওয়ায় বেশকিছু কর্মকর্তা/কর্মচারীর অবসর ভাতা মঙ্গুর করা যায়নি। এর ফলে এতদ্বারণে কর্মকর্তা/কর্মচারীগণ অবসরে গমনের পরও পেনশন মঙ্গুরি না পাওয়ায় মানবেতর জীবনযাপন করছেন। তাদের পেনশন মঙ্গুরের বিষয়টি নিষ্পত্তিক্ষেত্রে ২১.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৯৭তম সভায় সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্যবেক্ষণ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছে:

“সিদ্ধান্ত-২৮.১ এ ব্যাংকের চাকরিকালীন সময়ে খণ্ড বিতরণে অনিয়ম, ভুয়া খণ্ড বিতরণের সুপারিশ ও বিতরণ বা অন্য কোন কারণে ব্যাংকের আর্থিক ক্ষতি সাধনের পরিপ্রেক্ষিতে চাকরিকালীন সময়ে উত্তৃত বিভাগীয় শৃঙ্খলা মোকদ্দমায় আরোপিত দণ্ডের অনাদায়ী অর্থ অবসরজনিত সকল আর্থিক সুবিধাদি যেমন ছুটি নগদায়ন, আনুভোবিকের প্রাপ্য অর্থ এবং মাসিক অবসর ভাতার প্রাপ্য বকেয়া (শুরুর তারিখ হতে হালতক) হতে সমন্বয় করা হবে। এরপরও দায়সমূহ পরিশোধ না হলে পর্যায়ক্রমে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ক) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদনের পরিপ্রেক্ষিতে তার প্রাপ্য প্রতিভেন্ট ফাল্ডের অর্থ হতে অবশিষ্ট পাওনা সমন্বয় করতে হবে।

খ) দায় সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিস রুল পার্ট-১ বিধি- ২৪৭ এ প্রদত্ত ক্ষমতাবলে তার মাসিক পেনশন/পারিবারিক পেনশন হতে ব্যাংকের ক্ষতির অর্থ আদায়করণ। এক্ষেত্রে মানবিক বিবেচনায় ন্যূনতম ৫০% এর সমপরিমাণ অর্থ দায়ের বিপরীতে নিয়মিতভাবে সমন্বয় করতে হবে।”

০১। সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সার্কুলার জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে—

  
২৫/৮/১৯

(মোঃ নুরুল ইসলাম)

মহাব্যবস্থাপক(প্রশাসন)

প্রকা/মাসউবি-০৭/২০১৮-২০১৯/২৬১৭(৪৫৫)

তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যবেক্ষণ সচিবালয়, রাজশাহী, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাজশাহী, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপক পরিচালক মহোদয়ের সচিবালয়, রাজশাহী, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, রাজশাহী, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাজশাহী, প্রিভেজিয় কার্যালয়, রাজশাহী / রংপুর।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব/ বিভাগীয় প্রধান, রাজশাহী প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। অধ্যক্ষ, রাজশাহী, প্রশিক্ষণ ইনসিটিউট, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/ রংপুর।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাজশাহী, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। ব্যবস্থাপক, রাজশাহী, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১২। প্রকল্প পরিচালক, গ্রাসিসিপি, সিপিও, রাজশাহী।
- ১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৫। অফিস নথি/ মহানথি।

  
(রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক)

সহকারী-মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)